জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর

স্মারক নং- ০৭(১৫২৫) জাতীঃ বিঃ/কঃপঃ/ তারিখ ঃ .....

দ্বিতীয় প্রজ্ঞাপন

বিষয় ঃ **অধ্যক্ষ নিয়োগ সংক্রান্ত।**

সূত্র নং ঃ ০৭(১৫২৫)জাতীঃবিঃ/কঃপঃ/বিবিধ/৫১৭৫১, তারিখঃ ০১/১১/২০২১
০৭(১৫২৫)জাতীঃবিঃ/কঃপঃ/বিবিধ/৫৪৬১৪, তারিখঃ ২৯/০৬/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বেসরকারি কলেজ শিক্ষকদের চাকুরীর শর্তাবলী রেগুলেশন (সংশোধিত) ২০১৯ ধারা-৪ এর ২(i) অনুযায়ীঃ- **"কলেজে অধ্যক্ষ পদ শূণ্য হইলে/অধ্যক্ষের অবর্তমানে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসাবে উপাধ্যক্ষ/জ্যেষ্ঠতম ০৫ (পাঁচ) জন শিক্ষকের মধ্য হইতে যে কোন একজনকে দায়িত্ব প্রদান করিতে হইবে এবং সেই সঙ্গে পরবর্তী ৬ (ছয়) মাসের মধ্যে বিধি মোতাবেক অধ্যক্ষ নিয়োগ কার্যক্রম সম্পন্ন করিতে হইবে। যুক্তিসংগত কারণ ছাড়া ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদানের ১ (এক) বৎসরের মধ্যে নিয়মিত অধ্যক্ষ নিয়োগদান করিতে ব্যর্থ হইলে ভারপ্রাপ্ত অধ্যক্ষের স্বাক্ষরকৃত কাগজপত্র ও কার্যবিবরণী জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক স্বীকৃত অথবা গৃহীত হইবে না।"**

উপরোক্ত ধারা বলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বেসরকারি কলেজ/শিক্ষা প্রতিষ্ঠান/ ইনস্টিটিউটসমূহে ০১ (এক) বছর বা এর অধিক সময় ধরে যারা ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করছেন, এ দায়িত্ব পালন **'জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বেসরকারি কলেজ শিক্ষকদের চাকুরীর শর্তাবলী রেগুলেশন (সংশোধিত) ২০১৯'** এর পরিপন্থী হওয়ায়, তাঁদের উক্ত দায়িত্ব পালনের কোন সুযোগ নাই।

এমতাবস্থায়, (ক) সূত্রোক্ত প্রজ্ঞাপন মোতাবেক কিছু কিছু কলেজ নিয়মিত অধ্যক্ষ নিয়োগ দিয়ে বিশ্ববিদ্যালয়কে অবহিত করেছেন। যে সকল কলেজে নিয়মিত অধ্যক্ষ নিয়োগ দানের কার্যক্রম চলমান আছে তাদের অতিশীঘ্রই নিয়মিত অধ্যক্ষ নিয়োগ কর্যক্রম সম্পন্ন করার জন্য বলা হলো। আর যে সকল কলেজ এখনো দীর্ঘ দিন যাবৎ ভারপ্রাপ্ত অধ্যক্ষ দ্বারা কলেজ প্রশাসন পরিচালনা করছেন সে সকল কলেজ বিধি অনুযায়ী ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব হস্তান্তর করে অধ্যক্ষ নিয়োগ প্রক্রিয়া গ্রহণ এবং সম্পন্ন করে বিশ্ববিদ্যালয়কে অবহিত করার জন্য বলা হলো।

(খ) যে সকল কলেজ এখন পর্যন্ত ০৭(১৫২৫) জাতীঃবিঃ/কঃপঃ/বিবিধ/৫১৬৯৬ তারিখ ২৮/১০/২০২১ স্মারক মোতাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষের তথ্য প্রেরণ করেননি সে সকল কলেজকে অতিসত্বর সংযুক্ত ছক অনুযায়ী **www.nubd.info/college** এ login করে **"Principal information"** link এ ভারপ্রাপ্ত অধ্যক্ষের তথ্যাদি প্রদানের জন্য অনুরোধ করা হলো।

আগামী ০৭(সাত) কার্যদিবসের মধ্যে তথ্য প্রেরণ না করলে কলেজ/প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে বিষয়টি অবহিত করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের আদেশক্রমে

ফাহিমা সুলতানা
কলেজ পরিদর্শক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়
মোবাইলঃ ০১৭১১-৫৬৩৪০০
তারিখ ঃ ২৫/৬/২০২৩

বিতরণ ঃ (ক) সভাপতি, গভর্নিং বডি/এডহক কমিটি, সংশ্লিষ্ট কলেজ
(খ) অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), সংশ্লিষ্ট কলেজ

স্মারক নং- ০৭(১৫২৫) জাতীঃ বিঃ/কঃপঃ/৫৯৪০৯
অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ
প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। ডিন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়
২। ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। ডিন, কারিকুলাম উন্নয়ন ও মূল্যায়ন কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (পত্রটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-এ প্রকাশ ও অধিভুক্ত সংশ্লিষ্ট সকল কলেজ/শিক্ষাপ্রতিষ্ঠানে গ্রুপ মেইলের মাধ্যমে প্রেরণের অনুরোধসহ)
৮। পরিচালক, জনসংযোগ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৯। পরিচালক, আঞ্চলিক কেন্দ্র সমন্বয় দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১০। পরিচালক, কলেজ মনিটরিং এন্ড ইভালুয়েশন দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১১। পরিচালক, আইন বিষয়ক দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১২। একান্ত সচিব, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১৩। সহকারী রেজিস্ট্রার, সকল প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১৪। সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১৫। অফিস কপি।

25-6-23
কলেজ পরিদর্শক
জাতীয় বিশ্ববিদ্যালয়

CamScanner